

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা  
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩  
৩৭/৩/এ, ইন্সটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০  
[www.dme.gov.bd](http://www.dme.gov.bd)

“শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ”

স্মারক: নং-৫৭.২৫.০০০০.০০৩.০২.১৯.১৭-৬৯১

তারিখ: ১৮.০৯.২০১৭ খ্রি:।

বিষয়: ধুরাইল ডি. এস. কামিল মাদরাসার ভারপ্রাপ্ত অধ্যক্ষ পদে বিধি মোতাবেক উপাধ্যক্ষকে দায়িত্ব প্রদান না করার কারণ ব্যাখ্যাপূর্বক মাদরাসা শিক্ষা অধিদপ্তরকে অবহিতকরণ প্রসঙ্গে।

সূত্র: (১) ধুরাইল ডি. এস. কামিল মাদরাসার উপাধ্যক্ষের আবেদন  
(২) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- শিম/শাঃ১১/৩-৯/২০১১/২৫৬  
(৩) ধুরাইল ডি. এস. কামিল মাদরাসার স্মারক নং- ১৭০/২০১৬

তারিখ: ১৬.০৯.২০১৭ খ্রি:।

তারিখ: ০৬.০৬.২০১১ খ্রি:।

তারিখ: ০১.০৬.২০১৬ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত জানানো যাচ্ছে যে, সূত্রোক্ত ১ নং স্মারক মূলে উল্লেখিত মাদরাসার উপাধ্যক্ষের আবেদনের সাথে দাখিলকৃত প্রয়োজনীয় কাগজপত্র পর্যালোচনা করা হয়েছে।

০২. দাখিলকৃত কাগজপত্র পর্যালোচনা করে দেখা যায় যে, সূত্রে বর্ণিত (২) নং স্মারকের নির্দেশনা তথা অধ্যক্ষের অনুপস্থিতিতে উপাধ্যক্ষের নিকট দায়িত্ব হস্তান্তর সংক্রান্ত শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা ভংগ (Violate) করা হয়েছে।

০৩. সূত্রোক্ত (৩) নং স্মারক মোতাবেক অধ্যক্ষের অবর্তমানে উপাধ্যক্ষের পরিবর্তে সহকারী মৌলভী জনাব এস. এম. এ. রউফকে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব প্রদান করা হয়েছে। যা সরাসরি সরকারি নির্দেশনা অমান্যের সামিল।

০৪. সূত্রোক্ত (২) নং স্মারক মোতাবেক জ্যেষ্ঠ শিক্ষককে বাদ দিয়ে কনিষ্ঠ শিক্ষককে দায়িত্ব প্রদান করায় সরকারি নির্দেশ অমান্যসহ প্রতিষ্ঠানের প্রশাসনিক শৃংখলা ব্যাহত হয়েছে এবং লেখাপড়ার পরিবেশ বিঘ্নিত হয়েছে।

০৫. মাদরাসাটির দাপ্তরিক ও শিক্ষার ধারাবাহিকতা রক্ষা এবং প্রশাসনিক শৃংখলা প্রতিষ্ঠার প্রয়োজনে সূত্রোক্ত (২) নং স্মারকের নির্দেশনা অনুসরণের জন্য তথা অধ্যক্ষের অনুপস্থিতিতে উপাধ্যক্ষের নিকট অধ্যক্ষের দায়িত্ব (আগামী ০৯.১০.২০১৭ খ্রি. তারিখ এর মধ্যে) হস্তান্তর আবশ্যিক।

০৬. এমতাবস্থায় প্রশাসনিক শৃংখলা ব্যাহত করায় কেন মহোদয়কে সভাপতির পদ থেকে অপসারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে না তার কারণ ব্যাখ্যাপূর্বক আগামী ০৯.১০.২০১৭ খ্রি. তারিখ এর মধ্যে উপাধ্যক্ষের নিকট অধ্যক্ষের দায়িত্ব প্রদান নিশ্চিত করে মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তরকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। ব্যর্থতায় প্রয়োজনীয় প্রশাসনিক কার্যক্রম গ্রহণ করা হবে।

  
18.09.17

মো: আবদুল মুকীত

সহকারী পরিচালক (সর: ও সিনি: মাদরাসা)

(প্রতিকল্প কর্মকর্তা)

মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা

ফোন নং- ৯৩৪৫৮৮০

ই-মেইল-[dgdmeb@gmail.com](mailto:dgdmeb@gmail.com)

সভাপতি

ধুরাইল ডি. এস. কামিল মাদরাসা, মোহনপুর, রাজশাহী।

অনুলিপি

১. সচিব, কারিগরী ও মাদরাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
২. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, রাজশাহী অঞ্চল।
৩. জেলা শিক্ষা অফিসার, রাজশাহী।
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মোহনপুর।
৫. অফিস কপি।